

## বাংলাদেশী শিক্ষকদের কৃতিত্ব

আজ (০৯/০৭/০৯) সকালে অস্ট্রেলিয়ান লার্নিং এন্ড টিচিং কাউন্সিল (ALTC) এ বছরের Citation for Outstanding Contribution to Student Learning প্রাপ্তদের নাম ঘোষণা করেছে (দেখুন ইন্টারনেট সাইট <http://www.altc.edu.au/july2009-citation-winners-announced>; ঘোষণাটির শেষ লাইনে উদ্ধৃত .pdf ফাইলটি খুলতে হবে)। ALTC অস্ট্রেলিয়ান ফেডারেল সরকারের একটি প্রতিষ্ঠান। ২০০৪ সালে প্রতিষ্ঠিত এই সংস্থাটি ২০০৮ সাল পর্যন্ত Carrick Institute for Learning and Teaching in Higher Education নামে পরিচিত ছিল। ALTC অস্ট্রেলিয়ার ৪৪ টি বিশ্ববিদ্যালয় ও সমমানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ও শিক্ষাদান পদ্ধতির উন্নয়নে কাজ করে থাকে। Citation এর মাধ্যমে এই সংস্থাটি প্রতি বৎসর এদেশের উচ্চশিক্ষাদানকারী প্রতিষ্ঠান সমূহের বিভিন্ন কৃতি শিক্ষাবিদদের রাষ্ট্রীয় স্বীকৃতি ও সন্মান দিয়ে থাকে। এ সন্মাননার অর্থমূল্য দশ হাজার অস্ট্রেলিয়ান ডলার।

এ বৎসর দু'জন বাংলাদেশী এই দূর্লভ সন্মানের অধিকারী হয়েছেন। এরা হচ্ছেন ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলসের মার্কেটিং বিভাগের শিক্ষক মোহাম্মদ আবদুর রায়যাক এবং ইউনিভার্সিটি অব কুইনসল্যান্ডের পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক তপন সাহা। আমাদের জানা মত এই প্রথম কোন বাঙালী শিক্ষাবিদ এই বিরল কৃতিত্বের অধিকারী হলেন।



জনাব মোহাম্মদ আবদুর রায়যাকের citation এ বলা হয়েছে "For sustained commitment to experiential learning and innovative teaching of marketing to motivate students to develop a love for learning and achieve excellence." এখানে উল্লেখ করা যেতে পারে যে ডঃ রায়যাক ২০০৭ সালে Australian School of Business এর Bill Birkett Award for Teaching Excellence পদক এবং ২০০৮ সালে ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলসের শিক্ষকতার জন্য সর্বোচ্চ সন্মান Vice Chanellor's Award for Teaching Excellence পদক লাভ করেছিলেন।



অধ্যাপক তপন সাহাকে সন্মানিত করা হয়েছে "For enhancing undergraduate and postgraduate power engineering education through leadership in industry engagement, in work-integrated learning and the collaborative development of innovative postgraduate programs".

আগস্ট মাসের প্রথম সপ্তাহে আনুষ্ঠানিকভাবে তাদের হাতে এ পুরস্কার তুলে দেয়া হবে।

**পারভেজ সঞ্চয়**

PhD Student; স্কুল অব ইকনমিক্স  
ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলস